

Times Today BD

আশিকুর রহমান শান্ত | বরিশাল | 22 April, 2025

ভোলা সদর উপজেলার পূর্ব ইলিশা ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের চর আনন্দ পাট-৩ গ্রামে পাওনা টাকা কে কেন্দ্র করে সুলতান চকিদার এর ছেলে মোঃ শাহজাহান মিয়া (৬৫) নামের এক ব্যবসায়ীকে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে একই এলাকার আবদুল খালেক এর ছেলে সিরাজ বিরুদ্ধে।

মঙ্গলবার (২২ এপ্রিল) সকালে এ ঘটনা ঘটে। এমন অনাকাঙ্ক্ষিত ঘটনায় ওই এলাকায় শাহজাহানের পরিবার ও সাধারণ মানুষের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে।

মৃত শাহজাহানের পরিবারের অভিযোগ করে বলেন, অভিযুক্ত সিরাজের কাছ থেকে ৪ লক্ষ টাকা ধার নেয় মৃত শাহজাহান। এর মধ্যে ১ লক্ষ টাকা ফেরত দেয়া হয়। বাকী ৩ লক্ষ টাকা কোরবানি ঈদের পর ফেরত দেয়ার কথা। তবে টাকা ফেরত দেয়ার সময় শেষ না হওয়ার আগেই গতকাল সোমবার রাতে মৃত শাহজাহানের বেশ কয়েকটি দোকানে তালা মারে পাওনাদার সিরাজ। এমন খবর শুনে মৃত শাহজাহান ও তার পরিবারের লোকজন ছুটে আসলে সেখানে উভয় পক্ষের মধ্যে কথা কাটাকাটি ও হাতাহাতি হয়। এর এক পর্যায়ে মৃত শাহজাহানকে কিল-ঘুষি মারলে সেখানেই অসুস্থ হয়ে পড়েন শাহজাহান। পরে ভোলা সদর হাসপাতালে আনলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

তবে এ বিষয়ে অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) রিপন চন্দ্র শীল বলেন, আমরা প্রাথমিক তদন্তে জানতে পেরেছি মৃত শাহজাহান আগে থেকেই শারীরিক ভাবে অসুস্থ ছিলো। ওই ঘটনায় কথা কাটাকাটির এ পর্যায়ে তিনি অসুস্থ হয়ে পড়েন। পরে লোকজন তাকে সদর

হাসপাতালে আনলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। এ বিষয়ে অভিযোগ আসলে এটি সাধারণ মৃত্যু নাকি হত্যা তা তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে বলেও জানান তিনি।

ব্যবসায়ী হত্যা পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:56

URL: <https://timestodaybd.com/barishal/125656664>